



রাজধানীতে ভুয়া ডিবি পরিচয়ে অপহরণ করে মুক্তিপণ আদায়, গ্রেপ্তার ২



সংগৃহীত ছবি

ডিবি পরিচয়ে অপহরণ ও মুক্তিপণ আদায়ের ঘটনায় রাজধানীর মতিঝিল এলাকা থেকে দুইজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তাররা হলেন মো. আনোয়ার সরকার (৩০) ও মো. জহিরুল ইসলাম জহির ওরফে বাবু (২৩)।

পুলিশ জানায়, গত ১০ মার্চ মতিঝিলের একটি আইটি প্রতিষ্ঠান থেকে ভুয়া ডিবি পরিচয়ে কয়েকজন প্রবেশ করে কম্পিউটার ইঞ্জিনিয়ার রাসেল আহমেদের কাছে চাঁদা দাবি করে। তিনি রাজি না হলে তাকে জোর করে অপহরণ করে নিয়ে যাওয়া হয়।

পরবর্তীতে তাকে একটি নির্মাণাধীন ভবনে আটকে রেখে পরিবারের কাছে ৫০ লাখ টাকা মুক্তিপণ দাবি করা হয়। এ সময় তার মোবাইল, ল্যাপটপসহ ব্যক্তিগত জিনিসপত্রও ছিনিয়ে নেওয়া হয়।

চাপে পড়ে ভুক্তভোগীর পরিবার ধাপে ধাপে প্রায় ১ লাখ ৫৩ হাজার টাকা পরিশোধ করে। এরপর তাকে নির্বাতন করে কয়েকটি ফাঁকা স্ট্যাম্প স্বাক্ষর নিয়ে পরে গোড়ান এলাকায় ফেলে দেওয়া হয়। পরে আবারও ৫ লাখ টাকা দাবি ও হুমকি দিলে তিনি থানায় মামলা করেন।

তথ্যপ্রযুক্তির সহায়তায় অভিযান চালিয়ে প্রথমে সবুজবাগ থেকে আনোয়ার সরকার এবং পরে দক্ষিণ বনশ্রী থেকে জহিরুল ইসলামকে গ্রেপ্তার করা হয়। এ সময় ভুক্তভোগীর স্বাক্ষর করা স্ট্যাম্পও উদ্ধার করা হয়েছে। চক্রের বাকি সদস্যদের ধরতে অভিযান চলছে।